

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

২২: যদি কেউ ভিড়ের কারণে বা সুন্নাতে রাতেবাহ আদায় করার কারণে অথবা (ছুটে যাওয়া) ফরজ ছালাত পূর্ণ করার কারণে অথবা অন্য কোনো কারণে জানাযার সাথে না যায় কিন্তু দাফনের পূর্বে তার জানাযায় শরীক হয়, তাহলে কি সে মৃতের সাথে কবরস্থানে গমনকারী হিসাবে বিবেচিত হবে? তার কি কবরস্থানে গমনকারীর নেকী হবে?

কেউ সুন্নাতে রাতেবাহ আদায়ের কারণে জানাযা না পড়লে সে জানাযা পড়ার নেকী থেকে বঞ্চিত হবে। কেননা জানাযার কাজ শেষ করেও সে ঐ সুন্নাত পড়তে পারত। পক্ষান্তরে যদি কেউ ওযর থাকার কারণে জানাযায় শরীক হতে না পারে, অথচ সে আগ্রহ করে মৃতকে দাফন করতে এসেছে কিন্তু বাধাগ্রন্ত হয়েছে অথবা মানুষ আগেভাগে জানাযা পড়ে মুর্দাকে কবরস্থানে নিয়ে গেছে, এমতাবস্থায় তার নেকী লেখা হবে। কেননা সে নিয়ত করেছিল এবং তারপক্ষে যতটুকু সম্ভব সে চেষ্টা করেছে। আর যে ব্যক্তি নিয়ত করে এবং নিয়ত অনুযায়ী আপ্রাণ চেষ্টা করে, তার জন্য পূর্ণ নেকী লেখা হয়। মহান আল্লাহ বলেন,

﴿ وَمَن يَخْرُجْ مِن بَيْتِهِ مُهَاجِرًا إِلَى اللَّهِ وَرَسُولِهِ ثُمَّ يُدْرِكُهُ الْمَوْتُ فَقَدْ وَقَعَ أَجْرُهُ عَلَى اللَّهِ ﴾ [سورة النساء: 100]

'যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলের দিকে হিজরত করার উদ্দেশে নিজ গৃহ থেকে বের হয়, অতঃপর মৃত্যুমুখে পতিত হয়, তার ছওয়াব আল্লাহ্র কাছে অবধারিত হয়ে যায়' (নিসা ১০০)।

কিন্তু কবরস্থানে যদি তার পক্ষে জানাযার ছালাত পড়ে নেওয়া সম্ভব হয়, তাহলে পড়ে নিবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1679

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন